গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.

তারিখ: ০৯-০২-২০২৩
২৬ মাঘ ১৪২৯

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির (জানুয়ারি,২০২৩) মাসের প্রতিবেদন।

সূত্র: এ বিভাগের স্মারক নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬, ২৭ জুলাই ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির জানুয়ারি, ২০২৩ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: জানুয়ারি, ২০২৩ মাসের প্রতিবেদন।,

মো: মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ই-মেইল:
Programmer@emrd.gov.bd

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃ: আ: যুগ্মসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৪। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৫। প্রকল্প পরিচালক, শরিয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লি: (বাপেক্স)।
৬। প্রকল্প পরিচালক, ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লি: (বাপেক্স)।
৭। উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৮। উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১০। যুগ্মসচিব( উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

০৯/০২/২০২৩
মো: মাফরুল আলম
প্রোগ্রামার

## মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## জানুয়ারি, ২০২৩ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। কমিটির কার্যপরিধি অনুযায়ী গত ৩০ জানুয়ারি,২০২৩ এক অনলাইন সভায় মিলিত হয়ে জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান কার্যক্রমের আওতাধীন গ্যাস অনুসন্ধান কূপ খনন সংশ্লিষ্ট বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়।

### ২। লক্ষ্যমাত্রাঃ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের আওতাধীন টবগী#১ অনুসন্ধান কূপের খনন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এই কূপের ডিএসটি  গত ১২ নভেম্বর, ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। কূপটি বর্তমানে দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট উৎপাদনক্ষম করা হয়েছে। অপর লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে উল্লেখ্য যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীন কোম্পানি বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক ১টি করে ২টি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম বর্তমানে চলমান আছে।

### ৪। কূপ খননের অগ্রগতিঃ

২০২২-২৩ অর্থবছরের এপিএ'র আওতায় অপর ১টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে বর্তমানে চলমান ২টি অনুসন্ধান কূপ খননের জানুয়ারি, ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমঃ | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপখনন | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ ৩২০০ ($\pm$১০০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে ৭৩.৮ বিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ বৃদ্ধি পাবে এবং দৈনিক গড়ে ৫-১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হবে আশা করা যায়। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:<br><br>ক) **ভূমি অধিযাচন:** কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচন করা হয়েছে। স্থানীয় সড়ক প্রশস্তকরণ ও বাঁক সরলীকরণের লক্ষ্যে ০.৬৩ একর ভূমি অধিযাচনের নিমিত্তে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিপূরণ প্রাক্কলনের কাজ চলছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ:** কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়ক প্রশস্তকরণের কাজ সমাপ্ত হয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং, গোডাউন নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজসম্পন্ন হয়েছে।<br><br>**গ) বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক বৈদেশিক মালামাল/যন্ত্রপাতির মধ্যে ১৭টি প্যাকেজের মালামাল আমদানি সম্পন্ন হয়েছে।<br><br>**ঘ) তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক ৫টি প্যাকেজের এলসি স্থাপন করা হয়েছে এবং কূপ খননকালে সেবা গ্রহণ করা হচ্ছে।<br><br>**ঙ) ইআইএ স্টাডি:** পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র সনদ ইস্যু করা হয়েছে।<br><br>**চ) রিগ-আপ ও খনন কার্যক্রম:** প্রকল্প এলাকায় বিজয়-১০ রিগ-আপ সম্পন্ন শেষে গত ৫ নভেম্বর, |

| | | |
|---|---|---|
| | | ২০২২ তারিখ শরীয়তপুর#১ কূপ খনন শুরু করে ২০০ মিটার পর্যন্ত খননপূর্বক ৩০ ইঞ্চি ও ২০ ইঞ্চি কেসিং স্থাপন করা হয়। পরবর্তীতে ১০৮৫ মিটার গভীরতায় ১৩৩/৮ ইঞ্চি কেসিং এবং ২২৬২ মিটার গভীরতায় ৯৫/৮ কেসিং স্থাপন সম্পন্ন করা হয়েছে। বর্তমানে পরবর্তী সেকশনে খননের উদ্দেশ্যে প্রস্তুতিমূলক কাজ চলমান রয়েছে। |
| ২। | কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন | সিলেটের গোলাপগঞ্জস্থ কৈলাশটিলা স্ট্রাকচারে ২৫০০ ($\pm$৫০) মিটার গভীরতায় ১টি অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে কার্যক্রম শুরু হলেও পরবর্তীতে ৩৪৫০ ($\pm$৫০)মিটার গভীরতায় অনুসন্ধান কূপটি খননের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী বর্তমানে কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:<br><br>**ক) ভূমি অধিগ্রহণ:** সিলেট জেলা প্রশাসক অফিস কর্তৃক ৬.৫৮ একর জমি হস্তান্তর করা হয়েছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ:** ভূমি উন্নয়ন, এইচবিবি রোড নির্মাণ এবং বক্স কালভার্ট নির্মাণের কাজ চলমান আছে। গত ০৪/০৮/২০২২ তারিখ হতে প্যালিসাইডিং এর মাধ্যমে ভূমি উন্নয়নের কাজ শুরু হলেও রাস্তার কিছু অংশসহ মূল ভূমিতে পানি থাকায় মাটি ভরাটের কাজ যথাসময়ে শুরু করতে না পারায় ভূমি উন্নয়ন কিছুটা ব্যাহত হয়েছে। বর্তমানে পূর্ণমাত্রায় মাটি ভরাট শুরু হয়েছে। পূর্ত ও নিমার্ণ কাজ সম্পাদনের লক্ষ্যে নির্বাচিত ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে।<br><br>**গ) বৈদেশিক পরামর্শক সেবা:** বাপেক্স কর্তৃক জিটিও প্রস্তুত সম্পন্ন হয়েছে। বৈদেশিক পরামর্শক সেবা সংগ্রহের লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠান M/s. Rich Spread Group Limited, China এর সাথে চুড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। খনন কাজ শুরু হলে পরামর্শক সেবা প্রদান করবে।<br><br>**ঘ) মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা:** দুই লট খনন মালামাল ও ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহের লক্ষ্যে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। দুই লট খনন মালামালের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলে এলসি খোলা হয়েছে। ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহের লক্ষ্যে এলসি খোলার জন্য অগ্রণী ব্যাংক, হরিপুর শাখায় পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**ঙ) ড্রিলিং অপারেশন:** খনন অপারেশন, সারফেস টেস্টিং এবং স্লিক লাইন ইউনিট ভাড়ায় প্রদান বিষয়ে গত ১৪/১২/২০২১ তারিখ বাপেক্স-এর সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে চুড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। কূপের খনন গভীরতা বৃদ্ধিতে খনন অপারেশন ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা, সারফেস টেস্টিং এবং স্লিক লাইন ইউনিট ভাড়ায় প্রদান বিষয়ে গত ১২/০৯/২০২২ ও ১৩/০৯/২০২২ তারিখ এসজিএফএল ও বাপেক্স-এর দ্বিপাক্ষিক সভায় চুক্তিমূল্য বিষয়ে ঐক্যমত হয়েছে।<br><br>**চ) ইআইএ:** পরিবেশ ছাড়পত্র পাওয়া গিয়েছে এবং EQMS Consulting Ltd. (Bangladesh) Ltd. কে মূল্য পরিশোধ করা হয়েছে। |

**৪। সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) পরিকল্পিত সময়ের মধ্যে শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে বাপেক্স-কে মনিটরিং বাড়াতে হবে এবং কোন ধরণের সমস্যা উদ্ভব হলে তা দ্রুত নিরসনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবে;

(খ) কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়। মূল খনন শুরুর লক্ষ্যে আনুষঙ্গিক কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য তৎপরতা বাড়াতে হবে।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি